# বাংলাদেশ নৌবাহিনী

শান্তিতে সংগ্রামে সমুদ্রে দুর্জয়

## ২০১৪-বি অফিসার ক্যাডেট ব্যাচ (২য় গ্রুপ)




### উপযুক্ততা

১। **বয়স**। ০১ জুলাই ২০১৪ তারিখ ১৬ ১/২ বছর হতে ২১ বছর (সশস্ত্র বাহিনীতে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ বছর) এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। **শারীরিক মান (ন্যূনতম)**।

| | | পুরুষ | মহিলা |
|---|---|---|---|
| ক। উচ্চতা | : | ১৬২.৫ সেঃ মিঃ (৫'-৪") । | ১৫৫ সেঃ মিঃ (৫'-১") |
| খ। ওজন* | : | ৫০ কেজি | ৪৬ কেজি |
| গ। বুকের মাপ | : | স্বাভাবিক ৭৬ সেঃ মিঃ (৩০") | স্বাভাবিক ৭১ সেঃ মিঃ (২৮") |
| | : | সম্প্রসারিত ৮১ সেঃ মিঃ (৩২") | সম্প্রসারিত ৭৬ সেঃ মিঃ (৩০") |

* (উচ্চতা ও বয়স অনুসারে সশস্ত্রবাহিনীর জন্য নির্ধারিত স্কেলের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবে)

৩। **শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)**। উচ্চ মাধ্যমিক এবং মাধ্যমিক উভয় পরীক্ষায় পদার্থ ও উচ্চতর গণিতসহ বিজ্ঞান বিভাগে ন্যূনতম জিপিএ ৩.৫০ অথবা 'ও' লেভেল এবং 'এ' লেভেল উভয় পরীক্ষায় পদার্থ ও গণিতসহ সকল বিষয়ে ন্যূনতম গ্রেড সি। সশস্ত্র বাহিনীতে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নৌবাহিনীর এইচইটি অথবা সংশ্লিষ্ট বাহিনীর সমতুল্য যোগ্যতা।

৪। **বৈবাহিক অবস্থা**। অবিবাহিত।

৫। **জাতীয়তা**। বাংলাদেশী পুরুষ ও মহিলা নাগরিক।

### অযোগ্যতা

৬। সেনা, নৌ ও বিমান বাহিনী অথবা যে কোন সরকারি চাকুরি হতে বরখাস্ত কিংবা অপসারিত হলে।

৭। আইএসএসবি কর্তৃক দুইবার স্ক্রিন্ড আউট/প্রত্যাখ্যাত হলে।

৮। সেনা, নৌ ও বিমান বাহিনীর আপিল মেডিক্যাল বোর্ড কর্তৃক অযোগ্য বিবেচিত হলে।

৯। যে কোন বিচারালয় হতে দন্ডপ্রাপ্ত হলে।

১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং এক নামে একাধিক আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

### মনোনয়ন পদ্ধতি

১১। **প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাৎকার**। ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও বগুড়া কেন্দ্রে প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাৎকার ১৩-১৬ জানুয়ারি ২০১৪ (পরিবর্তনযোগ্য) তারিখে অনুষ্ঠিত হবে। মহিলা প্রার্থীগণের জন্য শুধুমাত্র ঢাকা, চট্টগ্রাম ও খুলনা কেন্দ্রে প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে।

১২। **লিখিত পরীক্ষা**। প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় ও প্রাথমিক সাক্ষাৎকারে উপযুক্ত বিবেচিত প্রার্থীগণের বুদ্ধিমত্তা এবং ইংরেজি ও সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষা ১৭ জানুয়ারি ২০১৪ (পরিবর্তনযোগ্য) তারিখে উল্লেখিত কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে।

১৩। **আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকার**। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকার আন্ত:বাহিনী নির্বাচন পর্ষদ (আইএসএসবি), ঢাকা সেনানিবাস, ঢাকায় অনুষ্ঠিত হবে।

১৪। **চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা**। আইএসএসবি কর্তৃক নির্বাচিত প্রার্থীগণকে চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষার জন্য ঢাকা সেনানিবাসস্থ বিএনএস হাজী মহসীনে উপস্থিত হতে হবে।

১৫। **চূড়ান্ত মনোনয়ন পর্ষদ**। চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত প্রার্থীগণের নৌ সদর কর্তৃক চূড়ান্ত মনোনয়ন পর্ষদ কার্যক্রম ২৪ জুন ২০১৪ (পরিবর্তনযোগ্য) তারিখে অনুষ্ঠিত হবে।

১৬। **নেভাল একাডেমিতে যোগদান**। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীগণ ১০ জুলাই ২০১৪ (পরিবর্তনযোগ্য) তারিখে বাংলাদেশ নেভাল একাডেমি, পতেঙ্গা, চট্টগ্রামে অফিসার ক্যাডেট হিসেবে যোগদান করবেন।

### প্রশিক্ষণ/কমিশন

১৭। বাংলাদেশ মিলিটারি একাডেমিতে ১০ সপ্তাহের প্রশিক্ষণসহ বাংলাদেশ নেভাল একাডেমিতে অফিসার ক্যাডেট হিসেবে ১৮ মাস এবং মিডশিপম্যান হিসেবে জাহাজে ০৬ মাসসহ মোট ০২ বছর সাফল্যের সাথে প্রশিক্ষণশেষে বাংলাদেশ নৌবাহিনীতে 'এ্যাক্টিং সাব লেফটেন্যান্ট' পদে নিয়মিত কমিশন প্রদান করা হয়। একাডেমিতে পেশাগত প্রশিক্ষণের পাশাপাশি বিএসসি ডিগ্রি প্রদান করা হয়। কমিশনপ্রাপ্তির পর এক্সিকিউটিভ (পুরুষ প্রার্থীদের জন্য)/ইঞ্জিনিয়ারিং/সাপ্লাই/ইলেক্ট্রিক্যাল শাখা প্রদান করা হয়।

### বেতন ও ভাতা

১৮। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

### অন্যান্য বিশেষত্ব

১৯। **ক্যারিয়ার**। বৈচিত্রময় ও রোমাঞ্চকর একমাত্র নেভাল ক্যারিয়ারেই রয়েছে সী (আধুনিক যুদ্ধজাহাজ), এয়ার (নেভাল এভিয়েশন) এবং ল্যান্ড (স্পেশাল নেভাল ফোর্স/নৌ কমান্ডো) এই তিনটি মাধ্যমের চাকুরির সুযোগ।

২০। **বিদেশে প্রশিক্ষণ**। প্রশিক্ষণের বিভিন্ন পর্যায়ে এবং কমিশনপ্রাপ্তির পর মেধাবী ক্যাডেট এবং অফিসারগণের প্রশিক্ষণের জন্য বিদেশ গমনের সুযোগ।

২১। **ইঞ্জিনিয়ারিং ডিগ্রি**। শাখা অনুযায়ী অফিসারগণের বুয়েট/এমআইএসটিতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি প্রাপ্তির সুযোগ।

২২। **উচ্চতর প্রশিক্ষণ সুবিধা**। দেশে-বিদেশে সরকারী খরচে বিভিন্ন ক্যাটাগরিতে উচ্চতর প্রশিক্ষণের (এমএসসি, এমবিএ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, এমএস ইত্যাদি) সুযোগ।

২৩। **জাতিসংঘ মিশন**। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বিদেশ ভ্রমণ ও আর্থিক স্বচ্ছলতা অর্জনের সুযোগ।

২৪। **বাংলাদেশ দুতাবাস**। বাংলাদেশ দূতাবাসসমূহে অফিসারগণের সামরিক উপদেষ্টা/সহকারী সামরিক উপদেষ্টা পদে নিয়োগপ্রাপ্তির সুযোগ।

২৫। **সন্তানদের অধ্যায়ন**। নিজ সন্তানদের জন্য যোগ্যতার ভিত্তিতে ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি এবং নৌবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজে, (বাংলা এবং ইংরেজি ভার্সন) অধ্যয়নের সুযোগ।

২৬। **বাসস্থান**। নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন সুসজ্জিত বাসস্থান প্রাপ্তির সুযোগ।

২৭। **ডিওএইচএস প্লট**। নির্ধারিত শর্তসাপেক্ষে ঢাকা ও অন্যান্য স্থানে ডিওএইচএস প্লট প্রাপ্তির সুবিধা।

২৮। **চিকিৎসা**। সামরিক হাসপাতালসমূহের উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দুরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে বিধি মোতাবেক নগদ অর্থ প্রদানসহ বিদেশে পাঠানোর ব্যবস্থা।

### আবেদন ফরম সংগ্রহ ও পূরণ

**ক। অনলাইন পদ্ধতি (টিবিএমএম অ্যাকাউন্টধারীদের জন্য)**

ট্রাস্ট ব্যাংক মোবাইল মানি (টিবিএমএম) এর মাধ্যমে নৌবাহিনীর অফিসার পদে ভর্তি ফি নিম্নলিখিত পদ্ধতিতে জমা দেয়া যাবেঃ

আবেদনকারী যদি টিবিএমএম এর গ্রাহক হন তবে মোবাইলের মেসেজ অপশনে গিয়ে নিম্নে বর্ণিত SMS টি টাইপ করে পাঠিয়ে দিন ১৬২০১ অথবা ০১১৯০০১৬২০১ নম্বরে। এই ক্ষেত্রে TBMM অ্যাকাউন্ট এ ন্যূনতম ৫২০/০০ (টাকা পাঁচশত বিশ) টাকা থাকতে হবে।

TrustMM<space>BNRF<space>O<space>PIN<space> Candidate's Mobile Number<send to>16201 (এখানে O বলতে Officer বোঝানো হয়েছে)।

**গ্রামীণ ফোনের গ্রাহকগণ ০১১৯০০১৬২০১ নম্বরে SMS করবেন।**

এই পদ্ধতিতে টাকা জমা দেয়ার কিছুক্ষনের মধ্যেই একটি ট্রানজেকশন আইডি আবেদনকারীর মোবাইলে চলে আসবে। অতঃপর বাংলাদেশ নৌবাহিনীর ওয়েব সাইট www.bangladeshnavy.org হতে Join Navy লিংক এ ক্লিক করে অথবা সরাসরি www.joinnavy.mil.bd ওয়েব সাইট হতে অনলাইনে ভর্তি ফরম পূরণ করে জমা দেয়া যাবে। ফরম পূরণের সময় উক্ত ট্রানজেকশন আইডি নম্বরটি ফরমের পেমেন্ট পেইজের যথাস্থানে লিখতে হবে। প্রার্থীগণকে অনলাইনে কল-আপ লেটার প্রেরণ করা হবে। এক্ষেত্রে অনলাইনে পূরণকৃত ফরমটি পূরণশেষে প্রিন্ট নিতে হবে যা পরবর্তীতে ফরম কমিশন ২(ক) হিসেবে বিবেচিত হবে।

**খ। সরাসরি ফরম পূরণ (টিবিএমএম অ্যাকাউন্টধারী নন)**

যারা টিবিএমএম এর গ্রাহক নন তারা ট্রাস্ট ব্যাংক এর মনোনীত পে পয়েন্ট অথবা ট্রাস্ট ব্যাংকের যেকোন শাখায় গিয়ে **"বিএন রিক্রুটমেন্ট ফান্ড"** এর অনুকূলে ৫০০/০০ (টাকা পাঁচশত মাত্র) টাকার (অফেরতযোগ্য) ফি জমা দিতে হবে। পে পয়েন্ট এবং ট্রাস্ট ব্যাংকের শাখার বিস্তারিত তালিকা http://trustbank.com.bd/download/Trust_Bank_Branch_Paypoint_List.pdf হতে পাওয়া যাবে। পে পয়েন্ট অথবা ট্রাস্ট ব্যাংকের শাখার মাধ্যমে ভর্তি ফি জমা দেয়ার পর গ্রাহক একটি Notification SMS ও মানিরিসিপ্ট পাবেন যাতে একটি ট্রানজেকশন আইডি থাকবে। এই আইডি নম্বরটি অনলাইনে ফরম পূরণের ক্ষেত্রে পেমেন্ট পেইজের যথাস্থানে লিখতে হবে এবং ম্যানুয়ালি ফরম পূরণের ক্ষেত্রে ব্যাংক ড্রাফ্‌ট এর ঘরে লিখতে হবে।

এই পদ্ধতি ছাড়াও পূর্বের ন্যায় সোনালী ব্যাংকের যেকোন শাখা হতে **"পার্সোনেল ব্রাঞ্চ মিসেলেনিয়াস ফান্ড"** সঞ্চয়ী হিসাব নং ৩৪০৮০৫০৮, সোনালী ব্যাংক নেভাল হেডকোয়ার্টার্স শাখা, বনানী, ঢাকা এর অনুকূলে ৫০০/০০ (টাকা পাঁচশত মাত্র) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংগ্রহ করা যাবে। ম্যানুয়ালী ফরম পূরণের ক্ষেত্রে উক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/মানিরিসিপ্ট নিম্নের যেকোন ঠিকানায় দেখিয়ে আবেদনপত্র ফরম কমিশন ১(ক), ও ২(ক) সংগ্রহ করা যাবে এবং ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/মানিরিসিপ্টটি পরবর্তীতে ফরম কমিশন ১(ক) এর সাথে জমা দিতে হবেঃ

(১) সেন্ট্রাল লাইব্রেরি, নৌ সদর দপ্তর এলাকা, বনানী, ঢাকা ১২১৩।
(২) নৌবাহিনী ভর্তি ও তথ্য কেন্দ্র, ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও বগুড়া।
(৩) বানৌজা তিতুমীর, শহর খালিশপুর, খুলনা ৯০০০।
(৪) ঢাকা, চট্টগ্রাম ও খুলনাস্থ নৌবাহিনী কলেজসমূহ (শুধুমাত্র উল্লেখিত কলেজসমূহের ছাত্র/ছাত্রীদের জন্য)।
(৫) ষ্টেশন হেডকোয়ার্টারস বগুড়া সেনানিবাস, বগুড়া ৫৮০০।
(৬) ক্যাডেট কলেজসমূহ (কেবলমাত্র ক্যাডেট কলেজের ছাত্র/ছাত্রীদের জন্য)।
(৭) মিলিটারি কলেজিয়েট স্কুল, খুলনা (কেবলমাত্র প্রতিষ্ঠানটির ছাত্রদের জন্য)।
(৮) সদর সপ্তর, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর, ৩২ ঈশা খাঁ এভিনিউ, সেক্টর ৬, উত্তরা মডেল টাউন, ঢাকা ১২৩০।
(৯) সকল জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) অফিসসমূহ।

### আবেদনপত্র প্রেরণ/জমা প্রদান

২৯। **ফরম (কমিশন)-১(ক) (এক পৃষ্ঠা) (অনলাইনে আবেদন ব্যতীত)**। যথাযথভাবে পূরণপূর্বক বিজ্ঞাপনে প্রদত্ত নির্ধারিত তারিখের মধ্যে নিম্নেবর্ণিত নথি/ছবিসহ নিম্নের ঠিকানায় জমা দিতে হবে ঃ

ক। **ছবি**। সম্প্রতি তোলা রঙিন ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি ফরম (কমিশন)-১(ক) এর সাথে সংযুক্ত করতে হবে।

খ। **মানিরিসিপ্ট/ব্যাংক ড্রাফট**। ম্যানুয়ালী ফরম পূরণের ক্ষেত্রে ফরমটি পাঠানোর পূর্বে ট্রাস্ট ব্যাংক/বুথ হতে প্রেরিত মানিরিসিপ্ট অথবা সোনালী ব্যাংক হতে প্রাপ্ত ব্যাংক ড্রাফটটি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

গ। **টিকেট সম্বলিত খাম**। প্রাপকের জায়গায় নিজ ঠিকানা লিখিত ১০" X ৪" (ইঞ্চি) সাইজের টাকা ৮.০০ (টাকা আট মাত্র) এর অব্যবহৃত ডাক টিকেট লাগানো একটি খাম।

৩০। **ফরম (কমিশন)-২(ক) (চার পৃষ্ঠা)**। ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক নিম্নবর্ণিত সনদপত্রসমূহ সংযোজন করে বর্ণিত ঠিকানায় ফরম (কমিশন)-১(ক) এর সাথে প্রেরণ অথবা সাক্ষাৎকারের সময় জমা দিতে হবে। অনলাইনে পূরণকারী প্রার্থীগণ ফরমটি প্রিন্ট করতঃ নিম্নবর্ণিত সনদপত্রসমূহ সংযোজন করে প্রাথমিক সাক্ষাৎকারের সময় জমা দিবেনঃ

ক। সম্প্রতি তোলা রঙিন পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি।
খ। শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও মার্কশিট এর কপি।
গ। স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্র।

### বিশেষ নির্দেশাবলী

৩১। যথাসময়ে যোগ্য আবেদনকারীগণের নিকট কল-আপ লেটার প্রেরণ করা হবে।

৩২। নিম্নের পর্যায়ভূক্ত প্রার্থীগণ সরাসরি আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকারের অংশ গ্রহণ করবেনঃ

ক। ক্যাডেট কলেজসমূহ ও মিলিটারি কলেজিয়েট স্কুল (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের জন্য)।

খ। বিএনসিসি, নৌ রোভার এবং বিএন কলেজসমূহের এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.০০ প্রাপ্ত প্রার্থীগণ যারা প্রচলিত পলিসি মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সুপারিশকৃত হবেন।

গ। ন্যাশনাল কারিকুলাম (বাংলা/ইংরেজি) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ (সকল বিষয়ে A+) প্রাপ্ত প্রার্থীগণ নৌবাহিনী কর্তৃক প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে।

ঘ। 'ও' লেভেল এবং 'এ' লেভেল উভয় পরীক্ষায় পদার্থবিজ্ঞান, গণিত ও ইংরেজি বিষয়ে ন্যূনতম গ্রেড-বি প্রাপ্ত প্রার্থীগণ নৌবাহিনী কর্তৃক প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে।

৩৩। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্যাডেট নির্বাচনের জন্য সকল শর্ত পূরণ সাপেক্ষে অগ্রাধিকার থাকবে।

৩৪। আইএসএসবি ব্যতীত অন্যান্য পরীক্ষার জন্য দৈনিক/ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।

৩৫। চাকুরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

**আবেদনপত্র প্রেরণের ঠিকানা**

পরিচালক
পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা ১২১৩

**বিশেষ প্রয়োজনে যোগাযোগ করুনঃ**
ফোনঃ (০২)৮৭৫৪০৪১-৫ বর্ধিত ২২১১, ২২১৪, ২২১৫

ISPR/NAVY/2013/704
GD - 4794

**আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ২০ ডিসেম্বর ২০১৩** **বাংলাদেশ নৌবাহিনীতে যোগ দিতে ভিজিট করুন ঃ www.joinnavy.mil.bd**